প্রতিষ্ঠান প্রধানগণ, সংশ্লিষ্ট শিক্ষককে অবহিতকরণের ব্যবস্থা নিন।

# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

**(একই সূত্র ও তারিখের স্থলাভিষিক্ত)**

সূত্র: ১৪(১৪৭)জাতী:বি:/প্রশিক্ষণ/বিভিপ্র/অনলাইনে আবেদন গ্রহণ/২০২৫/৪৭/২৪২৭ তারিখ: ২০/১১/২০২৫

২৩.১১.২০২৫

প্রফেসর মোঃ মনিরুজ্জামান মিয়া
আইডি নং- ০০০০২১৮১
অধ্যক্ষ
সরকারি সা'দত কলেজ
করটিয়া, টাঙ্গাইল।

## অফিস আদেশ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) কোর্সে ICT বিষয়টি বাধ্যতামূলক হওয়ায় কলেজ শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে a2i ও UNICEF বাংলাদেশ এর যৌথ সহযোগিতায় এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে অধিভুক্ত কলেজসমূহে পাঠদানকারী শিক্ষকদের জন্য মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ দেশব্যাপী বিভিন্ন ভেন্যুতে শুরু হয়েছে। সে লক্ষ্যে **অধ্যক্ষ/উপাধ্যক্ষ মহোদয়কে তাঁর নিজ দায়িত্বে/তদারকিতে** **আগামী ২৪ নভেম্বর ২০২৫ তারিখের** মধ্যে প্রতিটি স্নাতক (সম্মান) কলেজ থেকে ০১ (এক) জন শিক্ষককে (নিম্নোক্ত তথ্য ছক) অনুসরণ করে মনোনয়ন দিয়ে ইমেইল: teachers.training@nu.ac.bd মাধ্যমে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যিনি মাস্টার ট্রেইনার হয়ে আপনার কলেজের অন্যান্য বিষয়ের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। প্রশিক্ষণে আসার পূর্বেই আপনার কলেজ থেকে আগত শিক্ষককে তাঁর কলেজে অন্যান্য বিষয়ের শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ প্রদানের বিষয়ে কর্ম পরিকল্পনা সঙ্গে করে নিয়ে আসার জন্য অনুরোধ করা যাচ্ছে।

মনোনয়ন প্রেরণের ক্ষেত্রে অনুসরণীয়:

১। আইসিটি বিষয়ে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক

অথবা

২। বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) কোর্সে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক

অথবা

৩। বিজ্ঞান বিষয়ে স্নাতক (পাস) কোর্সে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক

অথবা

৪। অন্য যে কোন বিষয়ের স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক যিনি ICT বিষয়ে TOT করেছেন এমন শিক্ষককেও অগ্রাধিকার দেয়া হবে।

**** শর্ত ২ বা ৩ নম্বরে উল্লিখিত কোন শিক্ষকের নাম প্রেরণের ক্ষেত্রে; অবশ্যই কম্পিউটারে জ্ঞান আছে এমন কারো নাম প্রস্তাব করতে হবে।**

**** ইতোপূর্বে যে সকল কলেজ মাস্টার ট্রেইনার আইসিটি প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের তথ্য প্রেরণের প্রয়োজন নেই।**

** প্রেরিত শিক্ষক কে অবশ্যই TTIS (Teachers Training Informaton System) আইডিধারী হতে হবে; প্রয়োজনে আইডি করে নিতে হবে।

**তথ্য প্রেরণের ছক:**

| ক্র: নং | নাম, পদবী, বিষয় | টিটিআইএস আইডি | হোয়াটসঅ্যাপ নম্বর, ইমেইল |
|---|---|---|---|

**টিটিআইএস সিস্টেমে আইডি তৈরি করতে:**

তথ্যসমূহ অনলাইনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট-***www.nu.ac.bd*** *এর* ***TRAINING*** মেন্যুতে ***TTIS-Teachers Training Information System***-এ কলেজ ইউজার লগইন/রেজিস্ট্রেশনের মাধ্যমে প্রেরণ করতে পারবেন।

**** অধিভুক্ত যে সকল (স্নাতক/পাস) কলেজ এখনো TTIS ডাটাবেইজে অন্তর্ভুক্ত হননি; এক্ষেত্রে TTIS হেল্পলাইন হোয়াটসঅ্যাপ নম্বরে টেক্সট করে দ্রুততর সময়ের মধ্যে অন্তর্ভুক্ত হতে অনুরোধ করা হলো।**

**বিষয়টি জরুরী।**

ধন্যবাদান্তে-

২০/১১/২৫

(মোছা: সালমা পারভীন)
পরিচালক
শিক্ষক প্রশিক্ষণ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ, গাজীপুর-১৭০৪
ইমেইল: ttis@nu.ac.bd

শিক্ষক প্রশিক্ষণ অফিসিয়াল facebook পেইজ: **http://www.facebook.com/ttnubdOfficial**

**শিক্ষক প্রশিক্ষণ (টিটিআইএস) হেল্পলাইন** (অফিস সময়-হোয়াটসঅ্যাপ টেক্সট): ০১৯১৫৭২৬৫৭৬, ইমেইল (যে কোনো সময়): ttis@nu.ac.bd

সূত্র: ১৪(১৪৭)জাতী:বি:/প্রশিক্ষণ/বিভিপ্র/অনলাইনে আবেদন গ্রহণ/২০২৫/৪৭/২৪২৭ তারিখ: ২০/১১/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর। বিজ্ঞপ্তিটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
২. কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৪. অধ্যক্ষ/উপাধ্যক্ষ, অধিভুক্ত সকল (সম্মান/পাস) কলেজ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৫. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৬. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৭. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক)-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৯. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১০. অফিস কপি

২০/১১/২৫

উপ-পরিচালক
শিক্ষক প্রশিক্ষণ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ, গাজীপুর-১৭০৪